

## শুধু চালক নয়, যাত্রী-পথচারীর জন্যও এক্সিডেন্ট হয় : সেতুমন্ত্রী

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'পাবলিক ড্রাইভারের মতো মাঝেমধ্যেই বেপরোয়া হয়ে যায়। শুধু যে চালকের জন্য এক্সিডেন্ট হয় তা নয়, যাত্রীর জন্য এক্সিডেন্ট হয়, পথচারীর জন্য এক্সিডেন্ট হয়।'

শনিবার (১২ জানুয়ারি) সকালে রাজধানীর মানিক মিয়া এভিনিউতে বিআরটিএ'র ভ্রাম্যমাণ আদালতের (মোবাইল কোর্ট) কার্যক্রম পরিদর্শন শেষে এসব কথা বলেন তিনি।

মন্ত্রী বলেন, 'এক রাতে তো আর পরিবর্তন হবে না। সামগ্রিকভাবে আমাদের মানসিকতা পরিবর্তন জরুরি। আইনকানুন মানার সময় যে অবস্থা সৃষ্টি হয়, রাস্তায় চলন্ত গাড়ির সামনে দৌড়াদৌড়ি। এরকম শুধু যান চলাচলে না, রাস্তা পারাপারের ট্রাফিক আইন কানুন কিছুই কেউ মানতে চায় না।'

সচেতনতা বৃদ্ধিতে সাংবাদিকদের পাশপাশি সকলের সহযোগিতা কামনা করেন সেতুমন্ত্রী।

বিআরটিএর অভিযান প্রসঙ্গে কাদের বলেন, 'মাঝখানে নির্বাচন থাকায় বিআরটিএর অভিযান স্থগিত ছিল। যে কারণে অনিয়ম বেড়ে গেছে। আজকে ২ ঘণ্টার মধ্যেই ৯৮ হাজার টাকা জরিমানা ৮টি গাড়ির জব্দ এবং তিন জনের জেল ও ৪২টি মামলা করা হয়েছে। এই অভিযান নিয়মিত চলবে।'

বিআরটিএকে এই অভিযান আরও জোরদার করতে বলা হয়েছে- জানিয়ে তিনি বলেন, 'নির্বাহী ম্যাজিস্ট্রেটের সংখ্যা বেড়েছে, ১০ জন ম্যাজিস্ট্রেট যুক্ত হয়েছে। যার কারণে আমরা লাইসেন্সবিহীন গাড়ি, ফিটনেসবিহীন গাড়ির বিরুদ্ধে ব্যবস্থানিতে আগের চেয়ে আরও বেশি সক্রিয় হয়েছি।'